# বিজ্ঞপ্তি

# আর্মি মেডিকেল কলেজ (চট্টগ্রাম, কুমিল্লা, যশোহর,বগুড়া এবং রংপুর সেনানিবাস)

# ও নেভি মেডিকেল কলেজ, চট্টগ্রাম

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে বেসরকারি পাঁচটি আর্মি ও একটি নেভি মেডিকেল কলেজসমূহে এমবিবিএস কোর্সে দেশি শিক্ষার্থীদের

## ভর্তি বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তির জন্য বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির জাতীয় নীতিমালা অনুযায়ী বেসরকারি মেডিকেল কলেজসমূহে এমবিবিএস কোর্সে দেশি শিক্ষার্থীদের অনলাইনে নির্ধারিত ছকে আবেদন আহ্বান করা হচ্ছে:

১। পাঁচটি আর্মি মেডিকেল কলেজ এবং একটি নেভি মেডিকেল কলেজ, চট্টগ্রাম এ ভর্তিচ্ছু প্রার্থীদের Online Form-এর মাধ্যমে অনলাইনে (https://afmc.edu.bd/admission) আবেদন করতে হবে। ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ, আর্মি ও নেভি মেডিকেল কলেজের ১ম বর্ষ এমবিবিএস ভর্তি পরীক্ষায় কৃতকার্য প্রার্থীগণ অনলাইনে আবেদন প্রক্রিয়ায় অংশগ্রহন করতে পারবেন।

২। অনলাইনে আবেদন পূরণ করার সময় বিস্তারিত নির্দেশাবলি **www.afmc.edu.bd** ভালোভাবে পড়ে, বুঝে, নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে পূরণ করতে হবে। প্রতিটির জন্য আবেদন ফি ১০০/- (একশত) টাকা ।

| | | | |
|---|---|---|---|
| ৩। | অনলাইনে বিজ্ঞপ্তি প্রকাশ | : | ২৯-১২-২০২৫ |
| ৪। | অনলাইন আবেদন শুরুর তারিখ | : | ০৪-০১-২০২৬ (সকাল ১০.০০ ঘটিকা) |
| ৫। | অনলাইন আবেদনের শেষ তারিখ | : | ২৪-০১-২০২৬ (রাত ১১.৫৯ ঘটিকা) |
| ৬। | আবেদনের ফি জমাদানের শেষ তারিখ | : | ২৪-০১-২০২৬ (রাত ১১.৫৯ ঘটিকা) |
| ৭। | অনলাইনে ফলাফল প্রকাশের তারিখ | : | দ্রুততম সময়ের মধ্যে |

৮। ভর্তির ক্ষেত্রে স্ব-স্ব মেডিকেল কলেজ কর্তৃক প্রণীত নীতিমালা অনুসরণ করা হবে।

৯। অনলাইন আবেদন: প্রার্থীকে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ, পাঁচটি আর্মি মেডিকেল কলেজ ও একটি নেভি মেডিকেল কলেজ, চট্টগ্রাম এ এমবিবিএস ভর্তি পরীক্ষার জন্য ব্যবহৃত রোল নং এবং User ID ব্যবহার করে Online Form-এর মাধ্যমে অনলাইনে (https://afmc.edu.bd/admission) আবেদন করতে হবে।

১০। Online Form-এ প্রদর্শিত পাঁচটি আর্মি মেডিকেল কলেজ ও একটি নেভি মেডিকেল কলেজ হতে তার পছন্দের ০১টি কলেজের জন্য ০১টি আবেদন করবে এবং প্রার্থী ইচ্ছা করলে পৃথকভাবে একাধিক মেডিকেল কলেজে আবেদন করতে পারবে (সর্বোচ্চ ৬টি)। প্রতিটি আবেদনের জন্য আলাদা আলাদা আবেদন ফি প্রদান করতে হবে। পরবর্তীতে মেধাক্রম ও আবেদনের পছন্দ অনুযায়ী যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশ করা হবে।

১১। আসন খালি থাকা সাপেক্ষে শূন্য আসনে মেধাক্রম অনুসারে ভর্তি করানো হবে।

**১২। অনলাইন আবেদনপত্র পূরণের নিয়মাবলি:**

১২.১ অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার পূর্বে নির্দেশাবলি ভালভাবে পড়ে, বুঝে নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে দাখিল করতে হবে।

১২.২ ভর্তিচ্ছু প্রার্থীগণ মেডিকেল কলেজসমূহ হতে যেকোনো একটিকে বাছাই করবেন। এটা করার আগে অভিভাবক/স্বজনদের সাহায্য নেয়া যেতে পারে।

১২.৩ বিকাশের মাধ্যমে ফি জমা দিয়ে Online Form-এ পূরণ করে Submit Button এ ক্লিক করতে হবে।

**১২.৪ ফি জমা দেয়ার পদ্ধতি:**

**আবেদনের সময়:**

বিকাশে সেন্ড মানি অপশনে গিয়ে ০১৭৬৯০১৬৮০৬ ও ০১৭৬৯০১৬৮০৮ নম্বরে প্রতিটি আবেদনের জন্য ১০০/-(একশত) টাকা প্রেরণ করতে হবে। অবশ্যই রেফারেন্স হিসেবে প্রার্থীর ভর্তি পরীক্ষার রোল নম্বর দিতে হবে। বিকাশ Transaction সফল হলে TrxID টি Online Form-এ নির্দিষ্ট স্থানে লিখতে হবে।

১৩। কলেজ ভিত্তিক নির্বাচিত ভর্তিচ্ছু প্রার্থীকে আবেদনপত্রে যে সকল তথ্য ও সনদপত্র উল্লেখ আছে তার মূল কপি ভর্তির সময় অবশ্যই দাখিল করতে হবে। ভর্তির সময় সংশ্লিষ্ট মেডিকেল কলেজের অধ্যক্ষ কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড নির্বাচিত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করবেন এবং স্থানীয় ভর্তি কমিটি প্রয়োজনীয় কাগজপত্রাদি যাচাই বাছাই করে যোগ্য প্রার্থীদের ভর্তির সুপারিশ করবেন। ভর্তির পর প্রত্যেক কলেজ কর্তৃপক্ষ প্রত্যেক প্রার্থীর এসএসসি, এইচএসসি বা সমমান পরীক্ষার সনদ ও নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের মাধ্যমে সত্যতা যাচাই করবেন।

১৪। এমবিবিএস কোর্সের শিক্ষার্থীদেরকে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) অনুমোদিত কারিকুলাম অনুযাযী শিক্ষা কার্যক্রম সম্পাদন করতে হবে।

১৫। সচ্ছল প্রার্থীগণ Online Form-এ পূরণ করার সময় শিক্ষার্থী ক্যাটাগরিতে General সিলেক্ট করে Submit Button এ ক্লিক করবেন।

১৬। বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) নীতিমালা অনুযায়ী বেসরকারী মেডিকেল কলেজসমূহে ৫% আসন মেধাবী-অসচ্ছল শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত। যারা আর্মি মেডিকেল কলেজ ও নেভি মেডিকেল কলেজসমূহে মেধাবী-অসচ্ছল কোটায় ভর্তি হতে আগ্রহী তারা অনলাইনে মেধাবী-অসচ্ছল কোটায় ভর্তির জন্য আবেদন করবেন। যারা এই কোটায় আবেদন করবেন, তারা শুধু মেধাবী- অসচ্ছল কোটার আসনসমূহের জন্য নির্বাচিত হবেন। আবেদনে মেধাবী-অসচ্ছল কোটা নির্বাচন করতে হবে, চাহিদা মোতাবেক তথ্য প্রদান করতে হবে। মেধাবী-অসচ্ছল কোটায় প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে ভর্তিচ্ছু প্রার্থীদের ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বর ও প্রার্থীর প্রদত্ত অভিভাবকের বার্ষিক আয় বিবরণী, স্থাবর ও অস্থাবর সম্পত্তি মূল্যায়ন সক্ষমতার বিষয় বিবেচিত হবে। সংশ্লিষ্ট মেডিকেল কলেজের পরিচালনা পর্ষদ মনোনীত প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করে সর্ব সম্মতিক্রমে কোটায় সুযোগপ্রাপ্ত প্রার্থীদের তালিকা চূড়ান্ত করে আর্মি মেডিকেল কলেজসমূহের জন্য এডুকেশন ডিভিশন, আর্মি ওয়েলফেয়ার ট্রাস্ট, ঢাকা সেনানিবাস এবং নেভি মেডিকেল কলেজের জন্য নৌ কল্যাণ ফাউন্ডেশন এ প্রেরণ করবেন। প্রার্থীদের প্রদত্ত তথ্য ভুল প্রমাণিত হলে ভর্তি বাতিল হবে। মেধাবী-অসচ্ছল কোটায় আসন সংখ্যা নির্ধারিত থাকায় বর্ণিত কোটায় নির্বাচিত প্রার্থীদের ভর্তির পর ঐচ্ছিক মাইগ্রেশনের আবেদন গ্রহণযোগ্য নয়।

১৭। নির্বাচিত কোন প্রার্থীর দেয়া তথ্য (যা কলেজ নির্ধারণে বিবেচিত হতে পারে) অসম্পূর্ণ ও ভুল প্রমাণিত হলে, তার আবেদন /কলেজ নির্ধারণ/ভর্তি বাতিল বলে গণ্য হবে।

১৮। যে কোনো বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।